# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৪১৮

৫১/ দু'আ রাসুলুল্লাহ (ﷺ) থেকে বর্ণিত (كتاب الدعوات عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ রাতে সালাতের জন্য দাঁড়ালে কী পাঠ করবে?

## باب مَا يَقُولُ إِذَا قَامَ مِنَ اللَّيْلِ إِلَى الصَّلاَةِ

আরবী

حَدَّثَنَا الأَنْصَارِيُّ، حَدَّثَنَا مَعْنٌ، حَدَّثَنَا مَالِكُ بْنُ أَنَسٍ، عَنْ أَبِي الزُّبَيْرِ، عَنْ طَاوُسٍ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَبَّاسٍ، رضى الله عنهما أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم كَانَ إِذَا قَامَ إِلَى الصَّلاَةِ مِنْ جَوْفِ اللَّيْلِ يَقُولُ " اللَّهُمَّ لَكَ الْحَمْدُ أَنْتَ نُورُ السَّمَوَاتِ وَالأَرْضِ وَلَكَ الْحَمْدُ أَنْتَ قَيَّامُ السَّمَوَاتِ وَالأَرْضِ وَلَكَ الْحَمْدُ أَنْتَ رَبُّ السَّمَوَاتِ وَالأَرْضِ وَمَنْ فِيهِنَّ أَنْتَ الْحَقُّ وَوَعْدُكَ الْحَقُّ وَلِقَاؤُكَ حَقٌّ وَالْجَنَّةُ حَقٌّ وَالنَّارُ حَقٌّ وَالسَّاعَةُ حَقٌّ اللَّهُمَّ لَكَ أَسْلَمْتُ وَبِكَ آمَنْتُ وَعَلَيْكَ تَوَكَّلْتُ وَإِلَيْكَ أَنَبْتُ وَبِكَ خَاصَمْتُ وَإِلَيْكَ حَاكَمْتُ فَاغْفِرْ لِي مَا قَدَّمْتُ وَمَا أَخَّرْتُ وَمَا أَسْرَرْتُ وَمَا أَعْلَنْتُ أَنْتَ إِلَهِي لاَ إِلَهَ إِلاَّ أَنْتَ " . قَالَ هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَقَدْ رُوِيَ مِنْ غَيْرِ وَجْهٍ عَنِ ابْنِ عَبَّاسٍ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم .

বাংলা

৩৪১৮. আনসারী ...... আবদুল্লাহ ইবন আব্বাস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন মধ্যরাতে সালাতের জন্য উঠে দাঁড়াতেন তখন বলতেনঃ

اللَّهُمَّ لَكَ الْحَمْدُ أَنْتَ نُورُ السَّمَوَاتِ وَالأَرْضِ وَلَكَ الْحَمْدُ أَنْتَ قَيَّامُ السَّمَوَاتِ وَالأَرْضِ وَلَكَ الْحَمْدُ أَنْتَ رَبُّ السَّمَوَاتِ وَالأَرْضِ وَمَنْ فِيهِنَّ أَنْتَ الْحَقُّ وَوَعْدُكَ الْحَقُّ وَلِقَاؤُكَ حَقٌّ وَالْجَنَّةُ حَقٌّ وَالنَّارُ حَقٌّ وَالسَّاعَةُ حَقٌّ اللَّهُمَّ لَكَ أَسْلَمْتُ وَبِكَ آمَنْتُ وَعَلَيْكَ تَوَكَّلْتُ وَإِلَيْكَ أَنَبْتُ وَبِكَ خَاصَمْتُ وَإِلَيْكَ حَاكَمْتُ فَاغْفِرْ لِي مَا قَدَّمْتُ وَمَا أَخَّرْتُ وَمَا أَسْرَرْتُ وَمَا أَعْلَنْتُ أَنْتَ إِلَهِي لاَ إِلَهَ إِلاَّ أَنْتَ

"হে আল্লাহ! তোমারই সব তারীফ, তুমিই আকাশমন্ডলী এবং পৃথিবীর নূর, সব তারীফ তোমারই, তুমিই আকাশমন্ডলীর ও পৃথিবীর নিয়ন্ত্রা, সব তারীফ তোমারই, তুমিই আকাশমন্ডলী ও পৃথিবীর এবং এতে যা কিছু

আছে সবারই রব। তুমিই তো সত্য, তোমার ওয়াদা তো সত্য, তোমার সাক্ষাৎ সত্য, জান্নাত সত্য, জাহান্নাম সত্য, কিয়ামত সত্য। হে আল্লাহ! তোমারই জন্য আত্মসমর্পিত আমি, তোমার উপরই ঈমান রাখি। তোমার উপরই করি ভরসা তোমার দিকে মনোযোগী হই। তোমার বিষয়ে বিবাদ করি, তোমাকেই হাকিম মানি। ক্ষমা করে দাও যা আগে করেছি যা পরে করেছি যা গোপনে করেছি আর যা প্রকাশ্যে করেছি। তুমিই তো আমার মা’বুদ। কোন ইলাহ নেই তুমি ছাড়া।"

সহীহ, ইবনু মাজাহ ১৩৫৫, বুখারি ও মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৩৪১৮ [আল মাদানী প্রকাশনী]

হাদীসটি হাসান-সহীহ। ইবন আব্বাস রাদিয়াল্লাহু আনহু সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে এটি একাধিকভাবে বর্ণিত আছে।

## English

`Abdullah bin `Abbas [may Allah be pleased with them] narrated, :
that when the Messenger of Allah (ﷺ) would stand for prayer during the middle of the night, he would say: “O Allah, to You is the Praise, You are the Light of the heavens and the earth, and to You is the Praise, You are the Sustainer of the heavens and the earth, and to You is the praise, You are the Lord of the heavens and the earth, and those in them, You are the truth, and Your Promise is the truth, and Your meeting is true, and Paradise is true, and the Fire is true, and the Hour is true, O Allah, to You have I submitted, and in You have I believed , and in You have I relied, and to You have I turned, and by You have I argued, and to You have I referred for judgment. So forgive me what I have done before and after, and that which I have hidden and that which I have done openly. You are my Deity, no has the right to be worshiped but You (Allāhumma lakal-ḥamd, anta nūrus-samāwāti wal-arḍ, wa lakal-ḥamd, anta qayyāmus-samāwāti wal-arḍ, wa lakal-ḥamd, anta rabbus-samāwāti wal-arḍ, wa man fīhinn, antal-ḥaqq, wa wa`dukal-ḥaqq, wa liqā'uka ḥaqq, wal-jannatu ḥaqq, wan-nāru ḥaqq, was-sā`atu ḥaqq. Allāhumma laka aslamtu, wa bika āmantu, wa `alaika tawakkaltu, wa ilaika anabtu, wa bika khāṣamtu, wa ilaika ḥākamtu, faghfirlī mā qaddamtu wa mā akhartu, wa mā asrartu wa mā a`lant. Anta ilāhī lā ilāha illā ant).”

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=38809

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন